গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

বিষয়ঃ সুরক্ষা সেবা বিভাগ,স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর আওতাধীন অধিদপ্তরসমূহের সেপ্টেম্বর ২০১৭ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতিঃ	ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
তারিখ ও সময়ঃ	১৫ অক্টোবর, ২০১৭, বেলা- ১১.০০ টায়
স্থানঃ	সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ	পরিশিষ্ট-ক

২। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সেপ্টেম্বর' ২০১৭ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)কে আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। আলোচ্যসূচি অনুযায়ী বিভিন্ন বিষয়ের ওপর অনুষ্ঠিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

নং	বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত (বাস্তবায়নকারী কর্মকর্তা/অধিদপ্তর)
১.	**মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি :**	
	ই- টেন্ডারিং : **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** চলতি অর্থ বছর হতে ক্রয় কার্যক্রম ই-টেন্ডারিং পদ্ধতিতে চালু করা হবে। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** ই-টেন্ডারিং এর মাধ্যমে সরকারি ক্রয়ের বিষয়ে ই-জিপিতে রেজিস্ট্রেশন হয়েছে । **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** অত্র অধিদপ্তর কর্তৃক ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয় কার্যক্রম চলমান আছে। **কারা অধিদপ্তরঃ** ই-টেন্ডারিং কার্যক্রম চালু করা হয়েছে।	• সরকারী নির্দেশনা মেনে সুরক্ষা সেবা বিভাগসহ আওতাধীন সকল দপ্তরে ই-জিপিতে ক্রয় ১০০% নিশ্চিত করা। • স্ব স্ব উইং প্রধানগণ কর্তৃক ই-টেন্ডারিং এর বিষয়টি follow up এবং নিশ্চিত করা। বাস্তবায়নে : প্রশাসন ও অর্থ অনুবিভাগ ও সকল অধিদপ্তর
	বাংলাদেশ এবং ব্রাজিলের মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল/ সার্ভিস পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ গত ০১ মার্চ, ২০১৭ তারিখে পররাষ্ট্র মন্ত্রণালয় জানায় ব্রাজিলীয় সরকারের পক্ষ থেকে চুক্তির উপর কোন মতামত পাওয়া যায়নি। বিভিন্ন দ্বিপাক্ষক বৈঠকে ব্রাজিলীয় সরকারের জ্ঞাতার্থে এ প্রসঙ্গটি উত্থাপিত হলে বিষয়টি তাদের সক্রিয় বিবেচনায় আছে মর্মে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে জানানো হয়। গত ১০ আগষ্ট, ২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র দেয়া হয়েছে। **বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদনঃ** বাংলাদেশ এবং সার্বিয়ার মধ্যে কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসা অব্যাহতি সংক্রান্ত চুক্তি স্বাক্ষরের প্রস্তাব অনুমোদন বিষয়ে জানানো হয়, গত ২৩ জুলাই ২০১৭ তারিখে বাংলা অনুবাদ করা ভেটিংকৃত কপি পূণরায় প্রেরণ করা হয় এবং সর্বশেষ গত ১০ আগষ্ট ২০১৭ তারিখে চুক্তি স্বাক্ষরের বিষয়ে অগ্রগতি জানানোর জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়কে তাগিদপত্র প্রেরণ করা হয়।	• পররাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে চুক্তি স্বাক্ষরের বিষয়টি ত্বরান্বিত করা ; • যুগ্মসচিব(বহিঃ ও পাসপোর্ট) কর্তৃক সার্বিক কার্যক্রম মনিটরিং করা; • পররাষ্ট্র মন্ত্রণালয়ে অনিষ্পন্ন থাকা সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তর সংশ্লিষ্ট কার্যাদির ইতোপূর্বে প্রেরিত পত্রের স্মারক নম্বর ও তারিখ উল্লেখপূর্বক বিষয়ভিত্তিক একটি তালিকা প্রস্তুত করা। • বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, কারা অধিদপ্তর, সংশ্লিষ্ট অনুবিভাগ, এসবি, এনএসআই এর প্রতিনিধিগণের সমন্বয়ে পররাস্ট্র মন্ত্রণালয়ের সাথে সভা করা। **বাস্তবায়নে :** বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর/কারা অধিদপ্তর/কারা অনুবিভাগ/নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ/প্রশাসন ও অর্থ অনুবিভাগ।

জেল কোড সংশোধন :

- ১০-০৯-২০১৭ তারিখে অনুষ্ঠিত এ কমিটির প্রথম সভায় The Prisoner's Act Jail Code এর সংশোধিত খসড়া প্রণয়নের লক্ষে ২টি উপকমিটি গঠন করা হয়। The Prisoner's Act সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক অ্যাক্টের খসড়া ১০-১০-২০১৭ তারিখের মধ্যে মূল কমিটির নিকট দাখিলের জন্য ধার্য করা হয়েছে। Jail Code সংশ্লিষ্ট উপকমিটি কর্তৃক Jail Code এর খসড়া ৩১-১০-২০১৭ তারিখের মধ্যে মূল কমিটির নিকট দাখিলের জন্য ধার্য করা হয়েছে।

নাগরিকত্ব আইন, ২০১৬:

- বিগত ০২/০৮/২০১৭ তারিখে প্রস্তাবিত বাংলাদেশ নাগরিকত্ব আইন, ২০১৬ এর বিষয়ে সচিব সুরক্ষা সেবা বিভাগ সিনিয়র সচিব লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাসহ সভায় অংশগ্রহন করেছেন। এখনও আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে ফেরত পাওয়া যায়নি।

সর্বশেষ অগ্রগতিঃ বিষয়টি আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে পেন্ডিং রয়েছে।

- আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে ব্যক্তিগতভাবে যোগাযোগ করে ভেটিং এর বিষয়টি ত্বরান্বিত করা ।

বাস্তবায়নে : নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ

২ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :

- **কারা অধিদপ্তরঃ** কারা বিভাগের মাঠ পর্যায়ের অফিসসমূহের সাথে ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(এপিএ) স্বাক্ষরিত হয়েছে।
- **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** জুলাই/১৬ হতে সেপ্টেম্বর/১৭ পর্যন্ত ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করতঃ অক্টোবর/১৭ মাসের মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করা হবে।
- **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** ২০-০৬-২০১৭ তারিখ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিসসমূহের সাথে মহাপরিচালক মহোদয়ের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ২০১৭ সনের জুলাই মাসের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করা হয়েছে।

- বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির ফোকাল কর্মকর্তা কর্তৃক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির বাস্তবায়ন অগ্রগতি প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করা;
- বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন লক্ষ্যমাত্রা অর্জন করা।
- ন্যূনতম ০২(দুই)টি অনলাইন সেবা ৩০-১১-২০১৭ তারিখের মধ্যে চালু করা।

বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (অগ্নি)/বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ফোকাল কর্মকর্তা/যুগ্মসচিব (প্রশাসন)

৩ মামলাঃ

সভায় সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ

অধিদপ্তরের নাম	মামলার সংখ্যা	সর্বশেষ অবস্থা	মমন্তব্য
০১। কারা অধিদপ্তর	এটি মামলা-৩৪টি এএটি মামলা-২৮টি মিস আপীল-০২টি লিভ টু আপীল-০৫টি রিট মামলা-০৮টি বাস্তবায়ন -০৪টি	বিচারাধীন	কোন পেন্ডিং নাই
০২। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	ফৌজদারী মামলা-০২টি দেওয়ানী মামলা-১১টি লীভ টু আপীল-০১টি সিভিল রিভিশন-০২টি রিট পিটিশন-৪৫টি	বিচারাধীন	কোন পেন্ডিং নাই
০৩। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	রিট পিটিশন-০৫টি এটি মামলা-০৬টি	বিচারাধীন	কোন পেন্ডিং

- জনাব মো: মুহিবুল হক, অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহ নিয়ে একটি জরুরি সভা করা;
- প্রতি ০২ মাস অন্তর অন্তর অতিঃসচিব (কারা) কর্তৃক সংশ্লিষ্ট সকল কর্মকর্তার সমন্বয়ে বিদ্যমান মামলাসমূহ নিয়ে সভা করা;
- মামলায় সরকারী স্বার্থ রক্ষাকরণপূর্বক নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- চলমান মামলাসমূহ যথাযথভাবে follow up করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে খেয়াল রাখা;
- দ্রুত মামলা নিস্পত্তির লক্ষ্যে স্ব স্ব অধিদপ্তর কর্তৃক বিজ্ঞ কৌশলীর প্যানেল প্রস্তুত করত: নিয়োগ প্রক্রিয়া দ্রুত শেষ করা;
- মাসিক সমন্বয় সভায় সংস্থাওয়ারী মামলার অগ্রগতি সভায়

	এএটি মামলা-০১টি		নাই
০৪। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	রিট পিটিশন-৪৪টি এটি মামলা-০৪টি টাইটেল স্যুট-০১টি	বিচারাধীন	কোন পেন্ডিং নাই

বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে আবেদনপত্র যাচাই-বাছাই করা হয়েছে। তাদের সাক্ষাৎকার গ্রহণ শেষে মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হবে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ অধিদপ্তরের রীট মামলা ও এটি মামলা পরিচালনা করার জন্য বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগের লক্ষ্যে ০২ আগস্ট, ২০১৭ ''দৈনিক ইত্তেফাক'' ও ০৩ আগস্ট, ২০১৭ তারিখে ''দৈনিক ডেইলী ষ্টার' পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। প্যানেল আইনজীবী নিয়োগের জন্য কমিটি গঠন করা হয়েছে। দ্রুততম সময়ের মধ্যে প্যানেল আইনজীবীর প্যানেল প্রস্তুতকরে মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।

কারা অধিদপ্তরঃ এ অধিদপ্তর হতে নির্বাচিত কর্মকর্তা কর্তৃক যথারীতি গুরুত্বপূর্ণ মামলাসমূহ তদারকী করা হয়।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ গুরুত্বপূর্ণ মামলাসমূহ যথাযথভাবে তদারকি করা হচ্ছে।

উপস্থাপন করা।

- শাখা ও অধিশাখা কর্তৃক অধিদপ্তরের মামলাসমূহ মনিটরিং করা।
- মামলার এসএফ সংক্রান্তে আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় হতে রিসোর্স পারসন/প্রশিক্ষক এর সহযোগিতায় একটি প্রশিক্ষণের আয়োজন করা।
- প্রত্যেক দপ্তর/সংস্থা থেকে কমপক্ষে ০৩ জন কর্মকর্তাকে এসএফ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণের জন্য মনোনয়ন প্রদান করা।
- প্যানেল আইনজীবী নিয়োগের বিষয়ে অতিরিক্ত সচিব(কারা) কর্তৃক ব্যবস্থা গ্রহণ;
-

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)অতিরিক্ত সচিব (কারা) /আইন ও শৃঙ্খলা অনুবিভাগ

বাস্তবায়নে :

৪ অডিটঃ

অধিদপ্তর/সংস্থা	অডিট আপত্তির সংখ্যা	টাকার পরিমান(লক্ষ টাকায়)	ব্রডশীট জবাবের সংখ্যা	নিস্পত্তির সংখ্যা	জের	মন্তব্য
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর	৪৭	৩১০.৮৯	২২	০১	৪৬	
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর	১৪৬	৭২৭২৫.৯৮	০৭	০০	১৪৬	
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর	০	০	০০	০০	০	কোন অডিট আপত্তি নেই।
কারা অধিদপ্তর	১৮৯	৮৩.৬৪	১০	০০	১৮৯	

- অধিদপ্তর/সংস্থায় উত্থাপিত সকল আপত্তির ব্রড শীট জবাব প্রদান করা।
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার কার্যপত্র প্রমাণকসহ যথাসময়ে প্রস্তুতকরণ নিশ্চিত করা।
- কার্যপত্র প্রস্তুতপূর্বক দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা ।
- যথাসময়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভার আয়োজন করা।
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় উল্লেখযোগ্য সংখ্যক আপত্তি নিষ্পত্তির ব্যবস্থা করা।
- দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভায় গৃহীত সুপারিশ বাস্তবায়নের জন্য অডিট অধিদপ্তরের সাথে যোগাযোগ অব্যাহত রাখা ।
- স্ব স্ব উইং প্রধানগণ এবং অধিদপ্তর প্রধানগণ কর্তৃক সার্বিক অগ্রগতি মনিটরিং করা।
- অধিদপ্তর/সংস্থাওয়ারী অডিটের শ্রেণি বিন্যাস অনুযায়ী সাধারণ, অগ্রিম, খসড়া ও সংকলন পৃথক পৃথকভাবে প্যারাসমূহের জবাব প্রদান,জবাব প্রদানের বাকী, নিষ্পত্তিকৃত ও নিষ্পত্তির অবশিষ্ট ইত্যাদি ছকে সমন্বয় সভায় উপস্থাপন করা;
- সুরক্ষা সেবা বিভাগ এবং এর আওতাধীন অধিদপ্তরসমূহের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে অধিদপ্তর সংশ্লিষ্ট অডিট ফোকাল কর্মকর্তার সমন্বয়ে দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠান/ব্রডশীট জবাব প্রদানের মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) কর্তৃক তরান্বিত করা।

বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/উপসচিব বাজেট/ফোকাল কর্মকর্তা

৫ পেনশনঃ

বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরে কোন পেন্ডিং পেনশন কেইস নাই।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ঢাকা

- সংশ্লিষ্ট বিভাগসমুহকে পেনশন কেইস দ্রুততার সাথে নিষ্পত্তি করা;
- সংশ্লিষ্ট অধিশাখা/শাখা কর্তৃক পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে মনিটরিং করা।

	গোয়েন্দা অঞ্চলের প্রাক্তন উপ-পরিদর্শক মরহুম বেলায়েত হোসেন এর পারিপারিক পেনশন অনিষ্পন্ন রয়েছে। উক্ত পেনশন কেইসটি দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৩টি অনিস্পন্ন পেনশন কেইস এর মধ্যে ১টিতে অভিভাবক মনোনিত না থাকার কারণে , ১টিতে ২য় স্ত্রী থাকায় কোর্ট হতে সাকসেশন সার্টিফিকেট প্রেরণ না করার কারণে, ১টিতে গৃহ নির্মাণ অগ্রিম ও সুদ মওকুপ না হওয়ার কারণে নিস্পত্তি করা সম্ভব হচ্ছে না। **কারা অধিদপ্তরঃ** কুড়িগ্রাম জেলা করাগারের অবসর প্রাপ্ত কারা তত্ত্বাবধায়ক (চঃ দাঃ) জনাব মোঃ সোলায়মান আলীর অবসর ভাতার সর্বশেষ প্রস্তাব ০৩-৭-২০১৭ তারিখে সুরক্ষা সেবা বিভাগের কারা-১ শাখায় প্রেরণ করা হয়েছে। মঞ্জুরী আদেশ অদ্যাবধি পাওয়া যায়নি।	বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ
৬	**পরিদর্শন :**	
	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ কর্মকর্তাদের মধ্যে (অতিরিক্ত পরিচালক, ঢাকা-০৪টি, উপ-পরিচালক, ঢাকা মেট্রো উপ-অঞ্চল-০১টি এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন কার্যালয়, টাংগাইল-০১টি) সহ মোট ০৬টি অফিস পরিদর্শন করেছেন। **কারা অধিদপ্তরঃ** কারা মহাপরিদর্শক আগস্ট মাসে সিলেট, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার,মৌলভীবাজার জেলা কারাগার এবং সেপ্টেম্বর মাসে হবিগঞ্জ ও নরসিংদী জেলা পরিদর্শন করেছেন। অতিরিক্ত কারা মহাপরিদর্শক সেপ্টেম্বর মাসে রংপুর কেন্দ্রীয় কারাগার,দিনাজপুর, নীলফামারী,কুড়িগ্রাম, লালমনিরহাট, গাইবান্ধা জেলা কারাগার পরিদর্শন করেছেন। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** নিয়মিত পরিদর্শন করা হয়। **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের উর্দ্ধতন কর্মকর্তাগণ মাঠ পর্যায়ের অফিসসমূহ নিয়মিত পরিদর্শন করেন।	• অধিদপ্তরসমূহের চলমান উন্নয়ন প্রকল্প এবং মাঠ পর্যায়ের অফিসসমূহের কার্যক্রম মনিটর করা, সমস্যা চিহ্নিত করা এবং সমস্যা নিরসনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ জেলার চলমান কার্যক্রম ও গুরুত্বপূর্ণ উন্নয়ন প্রকল্প নিয়মিত পরিদর্শন । • প্রতিমাসে মহাপরিচালক, পরিচালক ও অন্যান্য যে সকল কর্মকর্তা পরিদর্শন করছেন তার বিবরণ ছকে প্রদান করা । • পরিদর্শন প্রতিবেদনের কপি সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা। • পরিদর্শনকালে যদি এমন কোন বিষয়/সমস্যা পরিলক্ষিত হয় যা অধিদপ্তর পর্যায়ে নিস্পত্তিযোগ্য নয়, মন্ত্রণালয় পর্যায়ে নিস্পত্তিযোগ্য তাহলে তা প্রতিবেদন আকারে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সচিব, সুরক্ষা সেবা বিভাগে প্রেরণপূর্বক সংশ্লিষ্ট অনুবিভাগে এর অনুলিপি প্রেরণ করা। • যারা পরিদর্শনের উদ্দেশ্যে সরকারি ভ্রমনে যাবেন তাদের ভ্রমনসূচি ওয়েবসাইটে দেয়া। বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)
৭	**অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :**	
	সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি ।	• অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট ফোকাল কর্মকর্তাগণ সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা; বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ
৮	**প্রশিক্ষণ :**	
	সুরক্ষা সেবা বিভাগ এর অধিদপ্তরসমূহের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। চাহিদা অনুযায়ী (Need based) যুগোপযোগী প্রশিক্ষণ প্রদানের ওপর গুরুত্ব দেয়া প্রয়োজন মর্মে আলোচনা করা হয়। **বহিরাগমণ ও পাসপোর্ট অধিদপ্তরঃ** প্রত্যেক কর্মকর্তা/ কর্মচারীদের বিভিন্ন বিষয়ের উপর বছরে ৬০ ঘন্টা প্রশিক্ষণ দেওয়ার কার্যক্রম চলমান আছে। **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরঃ** মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।	• Training Need Assess করে ২০১৭-১৮ অর্থ বছরের কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ সূচী এমনভাবে প্রণয়ন করা যাতে এপ্রিল ২০১৮ সালের মধ্যে সমাপ্ত হয়; • প্রশিক্ষণ মডিউলে APA ও NIS কে অন্তর্ভূক্ত রাখা। • কর্মকর্তা/কর্মচারী প্রতি ৬০ ঘন্টার প্রশিক্ষণের মধ্যে ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ ঘন্টা ও অবশিষ্ট প্রশিক্ষণ ঘন্টার পরিসংখ্যান মোট কর্মকর্তা/কর্মচারীওয়াইজ আগামী সভায়

	কর্মকর্তা/কর্মচারীগণের বার্ষিক ৬০ ঘন্টার প্রশিক্ষণ প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য অধিদপ্তরের প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হয়েছে। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরঃ** ২০১৭-১৮ অর্থ বছরের প্রশিক্ষণ সূচী প্রণয়ন করা হয়েছে। ৬০ ঘন্টা প্রশিক্ষণ প্রদানের কার্যক্রম চলমান আছে। **কারা অধিদপ্তরঃ** কারারক্ষী ও মহিলা কারারক্ষীদের ৫০তম ব্যাচের ২৬ সপ্তাহ ব্যাপী প্রশিক্ষণ কোর্স ১৫-৭-২০১৭ হতে কাশিমপুর কেন্দ্রীয় কারাগারে চলমান রয়েছে।	উপস্থাপন করা। ● কর্মচারীগণের প্রশিক্ষণ প্রদান তরান্বিত করা। বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / প্রশাসন ও অর্থ অনুবিভাগ/জনাব শিরীন রুবী,উপসচিব(কারা)
৯	**ই-ফাইলিং :**	
	সরকারী কার্যাদি ই-ফাইলিং এর মাধ্যমে নিষ্পন্নকরণে সরকারী নির্দেশনার বিষয়টি নিয়ে আলোচনা করা হয়। ই-ফাইলিং দ্রুততম সময়ে বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করা হয়। বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর : ২০-১২-২০১৬ তারিখ হতে ই-ফাইলিং কার্যক্রম চালু হয়েছে। **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** : ই-ফাইলিং বিষয়ে প্রধানমন্ত্রীর দপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করা হয়েছে এবং এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি কার্যক্রম চলমান আছে। কারা অধিদপ্তর : ইতোমধ্যেই ই-ফাইলিং কার্যক্রম চালু করা হয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন নির্ধারিত ছকে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হবে।	আওতাধীন সংস্থা/অধিদপ্তরসহ এ মন্ত্রণালয়ের প্রত্যেক উইং, অধিশাখা ও শাখায় ই-ফাইলিং পুরোদমে শুরু করা; ● সময়ে সময়ে ই-ফাইলিং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন দাখিল করা; ● অবিলম্বে ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়ন পূর্বক এ বিভাগকে অবহিত করা; ● সংখ্যাগত বিচারে সফলতার বিষয়টি বিবেচনা না করে প্রাপ্ত চিঠি ও নথি নিষ্পত্তির হার বাড়ানোর জন্য গুরুত্ব প্রদান করা। ● চলতি মাসকে ভিত্তি মাস ধরে ই-ফাইলিংয়ের মাধ্যমে চিঠি ও নথি নিষ্পত্তির চিত্র পরবর্তী সভায় উপস্থাপন করা। বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল) / অনুবিভাগ প্রধান (সকল)
১০	ইনোভেশন ও উত্তম চর্চা :	
	আলোচনা : দাপ্তরিক ও নাগরিক সেবার উৎকর্ষতা বৃদ্ধিতে ইনোভেশন ও সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চার উপর গুরুত্ব প্রদানের বিষয়টি সভাপতি সবাইকে পুনরায় স্মরণ করিয়ে দেন। সৃজনশীল ধারনা এবং উত্তম চর্চাকে উৎসাহ দান এবং এগুলোর যথাযথ প্রয়োগ করার জন্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আগামী সভায় ইনোভেশন বিষয়ে একটি অগ্রগতি প্রতিবেদন স্ব স্ব অধিদপ্তর কর্তৃক উপস্থাপন করা; ● সংশ্লিষ্ট অনুবিভাগ/অধিদপ্তরের সাথে মিলিকরণ করে অধিদপ্তর/সংস্থাওয়ারী জাতীয় শুদ্ধাচার কৌশল ও উদ্ভাবনী কার্যক্রমের তালিকা প্রস্তুত করা। ● পরবর্তী সভায় বাস্তবায়ন অগ্রগতিসহ চলমান ইনোভেশন ও উত্তম চর্চার তালিকা উপস্থাপন করা। বাস্তবায়নে : অধিদপ্তর (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চীফ ইনোভেশন কর্মকর্তা।
১১	বিবিধ :	
	১১.১ কর্মপরিকল্পনা প্রনয়ণ : সরকারের ভিশন প্রেক্ষিতে পরিকল্পনা, পঞ্চবার্ষিকী পরিকল্পনা বাজেট বরাদ্দ ইত্যাদি বিবেচনায় রেখে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। নিজ কর্মপরিধির আওতায় থেকে সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করে সরকারের উদ্দেশ্যে অর্জনে প্রয়োজনীয় কর্মসূচী গ্রহণের জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।	**১১.১** কমিটি পরবর্তী সমন্বয় সভায় স্ব স্ব অধিদপ্তর কর্তৃক কর্মপরিকল্পনা উপস্থাপন করা; বাস্তবায়নে : সংশ্লিষ্ট কমিটি

	১১.২ বিশেষ ব্যবস্থায় কারাগারে গুরুত্বপূর্ণ মামলায় সাহায্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ : কারা অধিদপ্তর :সভায় জানানো হয় যে, ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালু করার লক্ষ্যে ঢাকাস্থ দ্রুত বিচার ট্রাইব্যুনাল নং-১,কাশিমপুর হাইসিকিউরিটি কেন্দ্রীয় কারাগার এবং ঢাকা কেন্দ্রীয় কারাগার কেরানীগঞ্জ এ ২টি কক্ষ বহিঃশব্দ নিরোধ ব্যবস্থাকরণ, সিসি ক্যামেরা স্থাপনও সাধারণ সংস্কারের জন্য প্রধান প্রকৌশলী, গনপূর্ত অধিদপ্তরসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়েছে।	**১১.২** বিশেষ ব্যবস্থায় কারাগারে Audio-Visual পদ্ধতি স্থাপনের মাধ্যমে গুরুত্বপূর্ণ মামলায় সাহায্য গ্রহণের ব্যবস্থা গ্রহণ করা; বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা
১৩	**১১.৩** কয়েদী/হাজতি হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী ব্যবস্থা গ্রহণ : কারা অধিদপ্তর : সভায় জানানো হয় যে, যে সব কয়েদী/হাজতি অসুস্থতার কারণ দেখিয়ে দীর্ঘদিন হাসপাতালে অবস্থান করছে তাদের উপযুক্ত মেডিকেল বোর্ড কর্তৃক পরীক্ষাক্রমে হাসপাতালে ভর্তির বিষয়ে জেল কোড অনুযায়ী সিদ্ধান্ত নেয়ার জন্য সকল সিনিয়র জেল সুপার, জেল সুপারকে নির্দেশনা প্রদান করা হয়েছে।	**১১.৩** কয়েদী/হাজতীগণের হাসপাতালে চিকিৎসার বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন এবং নীতিমালার আওতায় সিভিল সার্জন/সরকারী হাসপাতালের চিকিৎসকগণকে যুক্ত করে একটি সুষ্ঠু ব্যবস্থাপনার আওতায় নিয়ে আসার কর্মপরিকল্পনা গ্রহণ করা; বাস্তবায়নে : কারা অধিদপ্তর/কারা অধিশাখা
	১১.৪ কর্মকর্তাগণের সভায় উপস্থিতি :	**১১.৪** প্রধান হিসাব রক্ষাণ কর্মকর্তা নিয়মিত সভায় অংশগ্রহণ করবেন, কোন প্রতিনিধি নয়;

৩। পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(ফরিদ উদ্দিন আহম্মদ চৌধুরী)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।